



স্মারক নং: সিকুবি/আহ.ডিন কাউন্সিল/ফা.-১৪০/১৬/৭২১

তারিখ: ০৫-১২-২০২৪

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের দ্বিতীয় (লেভেল-১, সেমিস্টার-১) শ্রেণিতে ভর্তির সুযোগ পাওয়া ছাত্র-ছাত্রীদের করণীয় :

- আগামী ৬ থেকে ১২ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে (সশরীরে সিকুবি-তে উপস্থিত হওয়ার পূর্বে) PIN এবং Roll দিয়ে Login করে প্রয়োজনীয় তথ্য প্রদান করার পর স্বয়ংক্রিয়ভাবে Registration Form, Medical Form, Hall Admission Form, তৈরী হবে যা ডাউনলোড করে A4 সাইজের অফসেট পেপারে প্রিন্ট করতে হবে এবং অঙ্গীকারনামা, সার্টিফিকেট চেক লিস্ট ডাউনলোড করে প্রিন্ট নিয়ে যাথাযথভাবে পূরণ পূর্বক (মোট ৫টি ফরম) ভর্তির দিন জমা দিতে হবে।
- আগামী ৯, ১০, ১১ ও ১২ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে যে কোন দিন সকাল ১০.০০ টা থেকে বিকাল ৫.০০ টার মধ্যে নিম্নবর্ণিত স্থানসমূহে সশরীরে উপস্থিত থেকে ভর্তির কাজ সম্পন্ন করতে হবে :

ভর্তির ধাপসমূহ	ছাত্র-ছাত্রীদের রিপোর্টের স্থান	অফিস এবং কার্যক্রম
১	প্রশাসনিক ভবনের সামনে	বাঁধন: ব্লাড গ্রুপিং করে রিপোর্ট প্রদান। ছাত্র-ছাত্রীরা ব্লাড গ্রুপিং এর রিপোর্ট সঙ্গে আনলে আর ব্লাড গ্রুপিং করতে হবে না।
২	প্রশাসনিক ভবনের নীচতলা	হেলথ কেয়ার সেন্টার: স্বাস্থ্য পরীক্ষা করে চীফ মেডিকেল অফিসার মহোদয় মেডিকেল ফরমে স্বাক্ষর প্রদান করবেন।
৩	সংশ্লিষ্ট ডিন অফিস	ডিন অফিস কর্তৃক মূল কাগজপত্র যাচাই-বাছাই করে ডিন মহোদয় ভর্তি ফরমে স্বাক্ষর প্রদান করবেন।
৪	ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তর	পরিচালক মহোদয় ভর্তি ফরমে স্বাক্ষর প্রদান করবেন।
৫	সংশ্লিষ্ট হল	নির্ধারিত হলের প্রভোস্ট মহোদয় হল ভর্তি ফরম জমা নিয়ে ভর্তি ফরমে স্বাক্ষর প্রদান করবেন।
৬	রূপালী ব্যাংক, টিএসসি চত্বর	সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে ভর্তি ও আনুষঙ্গিক ফি ভেটেরিনারি, এনিম্যাল ও বায়োমেডিকেল সায়েন্সেস অনুষদের ফি ২২৮০০/- (বাইশ হাজার আটশত) টাকা এবং অন্যান্য সকল অনুষদের ফি ১৮৩০০/- (আঠারো হাজার তিনশত) টাকা। অনলাইনে ১০০০০/- (দশ হাজার) টাকা প্রদান করায় প্রার্থীদেরকে অবশিষ্ট ডিভিএম এর জন্য ১২৮০০/- টাকা এবং অন্যান্য অনুষদের জন্য ৮৩০০/- টাকা রূপালী ব্যাংক, সিকুবি, শাখায় জমা প্রদান করে রশিদ সংগ্রহ করতে হবে।
৭	সংশ্লিষ্ট ডিন অফিস	নিম্নোক্ত ডকুমেন্টসমূহ জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

৩. শিক্ষার্থীদের ভর্তির সময় সংশ্লিষ্ট অনুষ্ঠানীয় ডিন অফিসে যে সকল ডকুমেন্টস জমা প্রদান করতে হবে:


i. ভর্তি পরীক্ষার প্রবেশপত্র

ii. ভর্তি ফরমে ডিন, প্রক্টর, প্রভোস্ট মহোদয়ের স্বাক্ষর নিয়ে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিয়ে হবে:

- রেজিস্ট্রেশন ফরম, মেডিকেল ফরম, হল ভর্তি ফরম, অঙ্গীকারনামা, সার্টিফিকেট চেক লিস্ট
- এস.এস.সি. এর মূল মার্কশীট, মূল সনদ/প্রভিশনাল সনদ ও মূল প্রশংসাপত্র
- এইচ.এস.সি. এর মূল মার্কশীট, মূল সনদ/প্রভিশনাল সনদ ও মূল প্রশংসাপত্র
- ৪ কপি পাসপোর্ট সাইজের ও ২ কপি স্ট্যাম্প সাইজের ছবি
- জাতীয় পরিচয়পত্র/জন্মানিবন্ধন সনদের ছায়াছবি
- অভিভাবক (পিতা/মাতা/ প্রযোজ্য ক্ষেত্রে অন্য কেউ) এর জাতীয় পরিচয়পত্রের ছায়াছবি
- রূপালী ব্যাংক এ ভর্তি ফি জমার রশিদ

iii. সংরক্ষিত আসনের জন্য (উপরোক্তপ্রাপ্ত কাগজপত্র ছাড়াও প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয়) :

- মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদেরকে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র ভর্তির সময় দেখাতে হবে এবং সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদেরকে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের প্রত্যয়নপত্র এবং মুক্তিযোদ্ধার সনদপত্রে প্রদত্ত ঠিকানা ও স্থায়ী ঠিকানার মধ্যে গরমিল থাকলে তাদের ঠিকানা পরিবর্তন সংক্রান্ত প্রত্যয়নপত্রের মূল কপি দেখাতে হবে এবং সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। উভয় প্রত্যয়নপত্রই জেলা প্রশাসক/ইউএনও/মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত হতে হবে।
- পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি ও অ-উপজাতি এবং পার্বত্য চট্টগ্রাম ব্যতীত অন্যান্য জেলার উপজাতি প্রার্থীদের স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্রের মূল কপি দেখাতে হবে এবং সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।


(প্রফেসর ড. মোঃ নজরুল ইসলাম)
আহ্বায়ক, ডিন কাউন্সিল

ডিন, কৃষি অনুষদ
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।